



মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, যশোর

www.jessoreboard.gov.bd.

স্মারক নং বিঅ ৬/৬৯৮৪/

তারিখ :

বিষয় : স্বীকৃতি নবায়ন

সূত্র : উপ-পরিচালক (মাধ্যমিক) মাধ্যমিক ও উচ্চ শিক্ষা, খুলনা অঞ্চল, খুলনা এর ১৭-০২-২০১৫ খ্রি. তারিখের ৩৪০ নং স্মারক পত্র ও প্রধান শিক্ষকের ২৪-০২-২০১৫ খ্রি. তারিখের আবেদন

কর্তৃপক্ষের নির্দেশক্রমে উপর্যুক্ত বিষয় ও সূত্রের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, নিম্নলিখিত শর্তাবলী পূরণ সাপেক্ষে ০১-০১-২০১৫ হতে ৩১-১২-২০১৭ খ্রি. তারিখ পর্যন্ত ০৩ (তিন) বছর মেয়াদের জন্য স্বীকৃতি নবায়ন করা হল।

আরোপিত শর্তসমূহ

- ১। অনুমতি/অনুমোদনহীন কোন শাখা থাকলে অবিলম্বে তা যথাবিধি অনুমতি/অনুমোদনের ব্যবস্থা গ্রহণ করতে হবে
- ২। পাবলিক পরীক্ষার ফলাফলের গুণগত মান আরও বৃদ্ধি করতে হবে
- ৩। শিক্ষার্থীদের নিয়মিত উপস্থিতি আরও বৃদ্ধি করতে হবে
- ৪। লাইব্রেরি ব্যবস্থাপনা গতিশীল করতে হবে, পৃথক পাঠকক্ষ প্রয়োজনীয় আসবাবপত্র দ্বারা সজ্জিত করতে হবে এবং বইয়ের সংখ্যা কমপক্ষে ২০০০ খানায় উন্নীত করতে হবে; লাইব্রেরি ব্যবস্থাপনা সফটওয়্যারে নিজ নিজ প্রতিষ্ঠানের গ্রন্থাগারের বইয়ের ক্যাটালগ আপলোড করতে হবে
- ৫। সহপাঠক্রমিক জোরদার করতে হবে
- ৬। এসবিএ ও পিবিএম এর কার্যাবলী জোরদার করতে হবে
- ৭। শ্রেণি শাখাসমূহে শিক্ষার্থী সংখ্যা নিয়মানুযায়ী বিন্যস্ত করতে হবে
- ৮। পাঠ্যক্রম অনুযায়ী বার্ষিক পাঠ পরিকল্পনা প্রণয়ন পূর্বক পাঠদান করতে হবে
- ৯। বিদ্যালয় অঙ্গনে ফলবান, বনজ এবং ওষধি বৃক্ষ রোপণ করে উহা রক্ষণাবেক্ষণ করতে হবে
- ১০। বিদ্যালয়ে ইন্টারনেট ব্যবহার উপযোগ কম্পিউটার থাকতে হবে একং যাবতীয় কার্যক্রম কম্পিউটারের মাধ্যমে সম্পন্ন করতে হবে
- ১১। কন্ট্রিবিউটরি প্রভিডেন্ট ফান্ডে শিক্ষক-কর্মচারীবৃন্দ বিধিমোতাবেক নির্ধারিত হারে চাঁদা কর্তন করবেন এবং বিদ্যালয় কর্তৃপক্ষও সংশ্লিষ্ট শিক্ষক-কর্মচারীর হিসাবে সমপরিমাণ চাঁদা প্রদান করবেন
- ১২। ভর্তি/নিবন্ধন বা পরীক্ষা কার্যক্রমসহ সর্বক্ষেত্রে বোর্ড অথবা সরকার কর্তৃক নির্ধারিত ফিসের অতিরিক্ত অর্থ আদায় করা যাবে না
- ১৩। ছাত্রদের স্কাউট এবং ছাত্রীদের জন্য গার্লস গাইড কার্যক্রম চালু করতে হবে
- ১৪। বাংলা একাডেমী কর্তৃক প্রকাশিত অভিধানসমূহের প্রতিটির ন্যূনতম তিন কপি সংগ্রহ এবং অনুসরণ করতে হবে
- ১৫। বিদ্যালয়ের প্যাডে বিদ্যালয়ের ওয়েবসাইট উল্লেখ করতে হবে

স্বীকৃতির সময়সীমা অতিক্রান্ত হওয়ার পর স্বীকৃতি নবায়ন প্রস্তাব দ্রুত দাখিল করতে হবে; অন্যথায় বিদ্যালয়ের বিরুদ্ধে বিধি মোতাবেক ব্যবস্থা গ্রহণ করা হবে

(মোল্লা আমীর হোসেন)

বিদ্যালয় পরিদর্শক  
মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড  
যশোর

ফোন: ০৪২১-৬৮৬৪

প্রধান শিক্ষক

সোনাতনপুর মাধ্যমিক বিদ্যালয়,

ডাকঘর : রিশখালী, উপজেলা : হরিনাকুড়, জেলা : ঝিনাইদহ

স্মারক নং বিঅ ৬/৬৯৮৪/৩০৬(৭)

অবগতির জন্য অনুলিপি প্রেরিত হল (জ্যেষ্ঠতার ভিত্তিতে নহে)

- ১। পরীক্ষা নিয়ন্ত্রক, মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, যশোর
- ২। উপ-পরিচালক (মাধ্যমিক) মাধ্যমিক ও উচ্চ শিক্ষা, খুলনা অঞ্চল, খুলনা
- ৩। জেলা শিক্ষা অফিসার, ঝিনাইদহ
- ৪। সিনিয়র সিস্টেম এনালিস্ট, মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, যশোর (পত্রটি বোর্ডের ওয়েব সাইটে প্রকাশের অনুরোধসহ)
- ৫। উপ-বিদ্যালয় পরিদর্শক (নিবন্ধন) মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, যশোর
- ৬। পি. এস. টু চেয়ারম্যান, মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, যশোর
- ৭। সংরক্ষণ নথি

বিদ্যালয় পরিদর্শক

মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড

যশোর

২০/০৪/১৫